

- ৫। হরিদাস চট্টোপাধ্যায়কে লেখা শরৎচন্দ্রের চিঠিতে প্রকাশক-সহকারী ও লেখকের সম্পর্কের যে পরিচয় পাও তা নিজের ভাষায় লেখো।
- ৬। মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘অপ্রকাশিত’ দিনপঞ্জিতে নানা স্ববিরোধী কণ্ঠস্বর কীভাবে ধরা পড়েছে? আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

- ৭। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘স্মৃতির রেখা’ দিনপঞ্জির মধ্যে সময়ের ধারণা কীভাবে প্রকাশ পেয়েছে দৃষ্টান্তসহ তার পরিচয় দাও।

কলা স্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২৩

( তৃতীয় বর্ষ, দ্বিতীয় সিমেন্টার )

বাংলা

কোর্স : ইউ. জি – ৬.৩১ (ঐচ্ছিক)

ব্যক্তিগত গদ্য : স্মৃতিকথা, চিঠিপত্র, দিনলিপি

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলির মান সমান।

- ১। নিজেরই আত্মীয়স্বজনের যে অনুপুঞ্জ ছবি অবনীন্দ্রনাথ তাঁর ‘জোড়াসাঁকোর ধারে’ বইতে এঁকে চলে তা নির্মোহ অথচ কৌতুককর। এ বিষয়ে তোমার মতামত উদাহরণসহ বুঝিয়ে লেখো।

অথবা

- ২। ‘জোড়াসাঁকোর ধারে’ বইতে ঠাকুরবাড়ির সেইসব পরিসর, সেইসব মানুষের ছবি বিপুল বিস্তারে ধরা পড়তে থাকে যা ঠাকুরবাড়ি-সংক্রান্ত অন্য স্মৃতিকথায় প্রায় কখনও উঠে আসেনি। এ বিষয়ে তোমার মতামত দাও।
- ৩। শঙ্খ ঘোষের ‘ছেড়ে যাবার আগে’ নামের স্মৃতিকথাটির মধ্যে মানুষ এবং সমাজ সম্পর্কে লেখকের নানা নৈতিক অবস্থান লগ্ন হয়ে আছে। এ কথা কি তুমি মানবে? তোমার মতামত বুঝিয়ে লেখো।
- ৪। স্বামীকে লেখা মোতিরানীর চিঠিতে কখনো তিনি স্ত্রী, প্রেমিকা আবার কখনো ‘অবরোধে নতজানু বিদ্রোহিনী’। তোমার পঠিত চিঠিগুলির ভিত্তিতে মোতিরানীকে তুমিও কি এভাবে দেখ? নিজস্ব মতামত লেখো।

অথবা

[ Turn over